



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো সরকারি নিয়োগকর্তাদের কোভিড-19 সংক্রান্ত অনুপস্থিতির কারণে কর্মচারীদের শাস্তি দেওয়া নিষিদ্ধ করার আইনে স্বাক্ষর করেছেন

নতুন আইন সরকারি কর্মচারীদের অসুস্থতার ছুটি বা ক্ষতিপূরণকারী সময়ের জন্য বরখাস্ত হওয়ার ও অন্যান্য প্রতিকূল শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন হওয়ার থেকে রক্ষা করে

গভর্নরের স্বাক্ষরিত কোভিড-সংক্রান্ত কর্মচারী সুরক্ষাকে শক্তিশালী করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি আইনে (S.4201-A/A.4063) স্বাক্ষর করেছেন যাতে সরকারি নিয়োগকর্তাদের কর্মচারীদেরকে কোয়ার্যান্টাইন হওয়ার, চিকিৎসা চাওয়ার অথবা কোভিড-19 (COVID-19) রোগনির্ণয় বা সংস্পর্শ সংক্রান্ত অন্যান্য অনুপস্থিতির জন্য অসুস্থতার ছুটি বা ক্ষতিপূরণের সময় ব্যবহার করার কারণে শাস্তি দেওয়ার থেকে বিরত করে।

"এই জাতীয় জনস্বাস্থ্য সঙ্কটের শুরুর থেকেই আমরা সেই নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে যথাসম্ভব প্রয়াস করেছি যাদের কোভিডের সময়কার কষ্ট মোকাবিলা করার জন্য ত্যাগস্বীকার করতে হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "কোভিডের কারণে কারোর কাজে যেতে না পারার জন্য শাস্তি পাওয়া উচিত নয় এবং এই আইনের অধীনে আমাদের স্টেটের সকল সরকারি কর্মচারী তাদের প্রাপ্য সুরক্ষা পাবেন - যাতে তাদের নিজেদের ও নিজেদের প্রিয়জনদের রক্ষা করার জন্য জরুরি কাজ করার জন্য কোনও অন্যায্য পরিণামের সম্মুখীন হতে না হয়।"

গভর্নর কুওমোর স্বাক্ষর করে আইনে পরিণত করা এই ব্যবস্থাটি কোভিড-সংক্রান্ত কর্মচারী সুরক্ষাকে শক্তিশালী করে, যার মধ্যে রয়েছে কোভিডের কারণে বাধ্যতামূলক বা সতর্কতামূলক কোয়ার্যান্টাইনের অধীনে নিউ ইয়র্কবাসীদের সবেতন ছুটি নিশ্চিত করা এবং ভ্যাকসিন নেওয়ার জন্য কাজের থেকে ছুটি পাওয়া নিশ্চিত করা।

সেনেটর ডায়েন স্যাভিনো(Diane Savino) বলেন, "কিছু কর্মীর পক্ষে এমনকি কোভিড-19 অতিমারীর সময়েও দূর থেকে কাজ করার ধারণাটি অসম্ভব। আমাদের অপরিহার্য কর্মীবৃন্দ, আমাদের প্রথম প্রতিক্রিয়া প্রদানকারীরা -- পুলিশ, দমকল, স্বাস্থ্য-পরিচর্যা ও সংশোধনাগার -- এগুলি কিছুতেই ব্রডব্যাল্ডের মাধ্যমে করা যায় না। সেই কারণেই এটা জানা অত্যন্ত বেদনাদায়ক যে নিউ ইয়র্ক সিটির(New York City) সংশোধন বিভাগ(Department of Corrections) আসলে ঠিক এখানে নিউ ইয়র্ক স্টেটে(State of New York) গৃহীত নিয়মাবলী মেনে চলার জন্য তাদের

নিজেদের কর্মচারীদের শাস্তি দিচ্ছে। পজিটিভ পরীক্ষা হওয়া এবং স্বাস্থ্য বিভাগের(Department of Health) ঘোষিত প্রয়োজনীয়তা মেনে চলার জন্য তাদের অসুস্থতার ছুটিকে ব্যবহার করতে বাধ্য হওয়া আটশ তিরানব্বই সংশোধন আধিকারিককে দীর্ঘ দিন ধরে অনুপস্থিত ঘোষণা করা হয়। এই নির্ধারণ এমন এক প্রতিকূল শাস্তিমূলক পদক্ষেপ বলে বিবেচনা করা হয় যা কোনও আধিকারিক 11 দিন কাজে না এলে কার্যকর করা হয় - এটি এমন এক নির্ধারণ যা তাদের বেতন, পদোন্নতি, কাজের ঘণ্টাকে প্রভাবিত করতে পারে এবং তাদেরকে সম্ভাব্য ছাঁটাই-প্রবণ করে তোলে। আমি গভর্নর কুওমোকে এই বিলটিতে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য এবং সকল সরকারি নিয়োগকর্তাকে এই স্পষ্ট বার্তা দেওয়ার জন্য ধন্যবাদ জানাই যে আমরা সেই কর্মচারীদের বিরুদ্ধে এই ধরনের পদক্ষেপ নেওয়া বরদাস্ত করবো না যারা উপস্থিত হন এবং আমাদের রচিত আইন ও নিয়মাবলী মেনে চলেন।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাভেট(Peter Abbate) বলেন, "গভর্নর আমার সেই বিলে স্বাক্ষর করেছেন শুনে খুশি হলাম যা সেই সরকারি কর্মচারীদের রক্ষা করবে যারা করোনাভাইরাস অতিমারীর সময় অসুস্থ হয়েছেন অথবা কোভিড-19-গ্রস্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এসেছেন। এই কর্মচারীরা এখন প্রতিশোধের ভীতি ছাড়াই নিজেদের স্বাস্থ্য রক্ষা করার, তাদের পরিবারের স্বাস্থ্য রক্ষা করার এবং তাদের সহকর্মীদের স্বাস্থ্য রক্ষা করার সময় নিরাপদ বোধ করতে পারেন।"

COBA প্রেসিডেন্ট বেনি বোসিও জুনিয়র(Benny Boscio Jr.) বলেন, "আমাদের সদস্যদের ব্যাপক ক্ষতি করা কোভিড-19 অতিমারী জুড়ে আমাদের শহরে সাহসের সঙ্গে কাজ করা আমাদের সেই অপরিহার্য নিউ ইয়র্ক সিটি সংশোধন আধিকারিকদের(Correction Officers) সকলের হয়ে আমি গভর্নর অ্যাল্ড্রু এম. কুওমোকে এই অগ্রগতি সূচক আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই যা নিউ ইয়র্ক সিটি সংশোধন বিভাগের মতো সরকারি নিয়োগকর্তাদেরকে সরকারি কর্মচারীদের কোভিড-19-সংক্রান্ত অনুপস্থিতির জন্য শাস্তিমূলক ও প্রতিশোধমূলক পদক্ষেপ নেওয়ার থেকে বিরত করে। এই আইনটি আমাদের 800'র বেশি সদস্যদের প্রতি তাদের কোভিড-19-সংক্রান্ত উপসর্গের কারণে অসুস্থতার ছুটি নেওয়ার জন্য হওয়া অবিচারের সংশোধন করবে। আমি সেনেটর ডায়েন স্যাভিনো ও অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাভেট এর প্রতিও আমাদের সঙ্গে এই লড়াইয়ে থাকার জন্য এবং সেনেট ও অ্যাসেম্বলিতে এই আইন দ্রুত আনার জন্য আমাদের গভীর কৃতজ্ঞতা ব্যক্ত করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারব্লাইব করুন](#)